বন্ধ হচ্ছে ডিসকর্ডের এআই চ্যাটবট ক্লাইড

ডিসকর্ডের এআই চ্যাটবট ক্লাইড বন্ধ করে দেওয়া হচ্ছে। সম্প্রতি এক সাপোর্ট নোটে এমনটিই জানিয়েছে ডিসকর্ড। চ্যাটবটটির কার্যক্রম ডিসেম্বরের ১ তারিখ থেকে পুরোপুরি বন্ধ হয়ে যাবে। ডিএম-এ এখন আর ক্লাইডকে ব্যবহারের সুযোগ পাওয়া যাবে না।

চলতি বছর পরীক্ষামূলকভাবে ডিসকর্ড এই চ্যাটবটটি চালু করে। শুরু থেকেই তারা কমিউনিটির প্রধান অংশ হিসেবে এটিকে প্রতিষ্ঠিত করার চিন্তা করেছিল। কিন্তু সম্প্রতি তা বন্ধেরই ঘোষণা দেওয়া হয়েছে।

কেন, কি কারণে এই চ্যাটবট বন্ধ হচ্ছে তা এখনও জানা যায়নি। তবে অনেকে ধারণা করছেন, আপাতত বাতিল হলেও ভবিষ্যতে পেইড ফিচার হিসেবে এটিকে চালু করা হবে। এও হতে পারে, ডিসকর্ডের মতো প্লাটফর্মে এমন একটি ফিচারের তেমন প্রয়োজন নেই।

ডিসকর্ড তাদের প্লাটফর্মে অনেকগুলো ফিচার নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালাচ্ছে। এভাবে ডিসকর্ডের ব্যবহারকারীরা অসংখ্য সুযোগ-সুবিধা পেতে পারেন। তারা কৃত্রিম বুদ্ধিমত্তার ডেভেলপারদের জন্য ভালো একটি প্লাটফর্ম গড়ে তুলতে প্রতিজ্ঞাবদ্ধ।

হোয়াটসঅ্যাপে এসেছে ভয়েস চ্যাট ফিচার

অবশেষে ভয়েস চ্যাট ফিচার রোল আউট হলো হোয়াটসঅ্যাপে। হোয়াটসঅ্যাপ ব্যক্তিগত চ্যাটের পাশাপাশি গ্রুপ চ্যাট তৈরির অপশন রয়েছে। দিন দিন সেই গ্রুপে ব্যবহারকারীর সংখ্যা বেড়েই চলেছে। এ অবস্থায় গ্রুপের সদস্যরা যাতে সুনিপুণভাবে যোগাযোগ করতে পারেন সেজন্য নতুন এই ফিচার যুক্ত করা।

কল করে গ্রুপের সবাইকে বিরক্ত না করার ক্ষেত্রে ফিচারটি বেশ

কাজের হবে বলেই মনে করছে মেটা। হোয়াটসঅ্যাপে যে বড় গ্রুপগুলো রয়েছে তার জন্য গ্রুপ কলের ফিচার রেখেছে মেটা। কিন্তু ভয়েস চ্যাট ফিচার আসার ফলে কমিউনিকেশন আরও সহজ হবে।

এই সুবিধা সব গ্রুপে পাওয়া যাবে না বলে জানিয়েছে হোয়াটসঅ্যাপ। যেসব হোয়াটসঅ্যাপ গ্রুপে সদস্য সংখ্যা ৩৩ থেকে ১২৮ সেখানেই পাওয়া যাবে এই সুবিধা। অন্যদিকে গ্রুপ কল ফিচার ৩২ জন সদস্য-যুক্ত গ্রুপেই সীমাবদ্ধ।

হোয়াটসঅ্যাপ আরও জানায়, শুধু প্রাইমারি ডিভাইসেই পাওয়া যাবে এই সুবিধা। লিঙ্কড ডিভাইসে এ সুবিধা থাকবে না। আর এই ভয়েস চ্যাট অ্যান্ড-টু-অ্যান্ড এনক্রিপ্টেড। অর্থাৎ প্রাইভেসি নিয়ে নিশ্চিত থাকতে পারেন।

হোয়াটসঅ্যাপে যখন কেউ গ্রুপ কল করে তখন রিং হয় ফোন, কিন্তু ভয়েস চ্যাট হবে চুপিসারে। ব্যবহারকারী এতে বিরক্ত হবেন না। স্বল্পমাত্রার শব্দে ফোন রিং বেজে উঠবে এবং গ্রুপেই একটি ইন-চ্যাট বাবেল শো যেখানে ক্লিক করে যোগদান করতে পারবেন।

গ্রুপ কল করার সময় ইউজারকে প্রথমে কল স্ক্রিনে যেতে হয়, তারপর ‘+’ আইকনে ক্লিক করে সদস্য অ্যাড করতে হয়। বিষয়টা ঝামেলার। কিন্তু ভয়েস চ্যাটে থাকবে শুধু একটি ঢেউয়ের মতো ওয়েভফর্ম আইকন যেখানে ক্লিক করে ভয়েস চ্যাট শুরু করতে পারবেন।

সূত্র: গ্যাজেট ৩৬০

ডেঙ্গুসংক্রান্ত নির্ভরযোগ্য তথ্য দিয়ে বাংলাদেশিদের সংযুক্ত করছে গুগল

এ বছর ডেঙ্গু জ্বরের নজিরবিহীন প্রাদুর্ভাব মোকাবেলায় বাংলাদেশ সরকার, যুক্তরাষ্ট্রের ঢাকাস্থ দূতাবাস এবং ইউনিসেফসহ কয়েকটি সংগঠনের সঙ্গে গুগল কাজ করেছে। এ সহযোগিতার অংশ হিসেবে ডেঙ্গু

পৌঁছানো নিশ্চিত করতে গুগল ও স্বাস্থ্য অধিদপ্তরসহ অন্যান্যদের কাজ প্রশংসনীয়। বেসরকারি খাত এবং সরকারের মধ্যে এই ধরনের অংশীদারিত্ব ডেঙ্গুর মতো জনস্বাস্থ্য সম্পর্কিত বিশ্বস্ত ও নির্ভরযোগ্য তথ্য পেতে কার্যকর ভূমিকা রাখতে পারে। এমন গুরুত্বপূর্ণ উদ্যোগের অংশ হতে পেরে আমরা আনন্দিত।

গুগলের কান্ট্রি ডিরেক্টর (বাংলাদেশ, পাকিস্তান ও শ্রীলঙ্কা) ফারহান কুরেশি বলেন, বাংলাদেশের পরিস্থিতি অত্যন্ত গুরুতর। আমরা জানি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য স্বাস্থ্যতথ্য খুঁজে পেতে বহু মানুষ উদ্বিগ্ন। এই ধরনের মানুষদের সহযোগিতা প্রদানের জন্য গুগলের দারুণ সক্ষমতা রয়েছে। সঠিক ও সময়োপযোগী তথ্যের সন্ধান দিয়ে বাংলাদেশের মানুষদের সহযোগিতার জন্য স্বাস্থ্য অধিদপ্তর, ইউনিসেফ, মার্কিন দূতাবাস এবং অন্যান্য সংস্থার সঙ্গে কাজ করতে পেরে আমরা গর্বিত।

সূত্র: ইত্তেফাক

কন্টেন্ট ক্রিয়েটরদের মেটা দিচ্ছে বাড়তি আয়ের সুযোগ

ফেসবুকে কন্টেন্ট ক্রিয়েটররা পান আয়ের সুযোগ। সম্প্রতি মেটা ইয়ার অ্যান্ড বোনাসেও দিচ্ছে বাড়তি আয়ের সুযোগ। মেটার অধীনে থাকা সামাজিক যোগাযোগমাধ্যমগুলো আয়ের সুযোগ পাবে। ৩৫টি দেশে মিলছে বাড়তি আয়ের সুযোগ।

প্রথমেই আসবে ইনস্টাগ্রাম৷ এই সামাজিক যোগাযোগমাধ্যমে ইনভাইট অনলি বোনাসের মাধ্যমে আয় করা যাবে। ক্রিয়েটররা সৃজনশীল কন্টেন্টের মাধ্যমে রিলস ও ফটো শেয়ার করে রিওয়ার্ড পাওয়া যাবে। প্রাথমিকভাবে কয়েকজনকে নির্বাচন করে এই রিওয়ার্ড দেওয়া হবে।

ইনস্টাগ্রামে আরও রয়েছে গিফট সুযোগ। কোনো রিলস পছন্দ হলে ইনস্টাগ্রামে ফলোয়াররা গিফট পাঠাতে পারবেন।

ফেসবুকেও রয়েছে আয়ের সুযোগ। ফেসবুকে স্টোরির মাধ্যমে রোল করা যাবে সাবস্ক্রিপশন। কয়েকদিনে ফলোয়ার অ্যাকাউন্টে তা রোল আউট করা হবে। ফ্যানদের ৩০ দিন ফ্রি সাবস্ক্রিপশনের সুযোগও দেওয়া হবে।

সবশেষে বিজ্ঞাপনেও অংশীদারিত্ব বাড়ার সুযোগ রয়েছে। ‘অ্যালাও ব্র্যান্ড পার্টনার টু বুস্ট’ দিয়েও আয় শেয়ার করা যাবে।

সূত্র: ইত্তেফাক

ভবিষ্যৎ-বান্ধব ডিজিটাল পোশাক আনল ফটোশপের নির্মাতা অ্যাডোবি

ফটোশপের নির্মাতা কোম্পানি অ্যাডোবি এমন ভবিষ্যত্-বান্ধব ‘ডিজিটাল পোশাক’ উন্মোচন করেছে, যেখানে কেবল একটি বাটনে ক্লিক করার মাধ্যমেই এর পৃষ্ঠে থাকা বিভিন্ন ‘প্যাটার্ন’ বদলাতে পারবেন পরিধানকারী।

ব্রিটিশ সংবাদপত্র ইন্ডিপেন্ডেন্টের প্রতিবেদন অনুযায়ী, ‘প্রজেক্ট প্রিমরোজ’ নামের প্রকল্পের অধীনে পুঁতির তৈরি পোশাকটি বানিয়েছে অ্যাডোবি। আর তরলকৃত ক্রিস্টালের মাধ্যমে তৈরি হয়েছে এর ‘রিফ্লেক্টিভ লাইট- ডিফিউজার মডিউল’। সাধারণত স্মার্ট লাইটিং ব্যবস্থায় এই প্রযুক্তি ব্যবহার করা হয়ে থাকে। এর পুঁতিগুলো আসলে একেকটি ছোট স্ক্রিন, যেখানে ব্যবহূত হয়েছে স্মার্ট কাঁচামাল।

গত সপ্তাহে অ্যাডোবি’র আয়োজিত ‘ম্যাক্স’ সম্মেলনে দর্শকদের এই পোশাকের প্রথম ঝলক দেখানো হয়। আর একে ‘প্রাণবন্ত ফেব্রিক’ হিসেবে ব্যাখ্যা করেছে সফটওয়্যার কোম্পানিটি। ফিতাবিহীন পোশাকটি পরে সবার সামনে এসেছেন অ্যাডোবির গবেষক ক্রিস্টিন ডিয়ের্ক। প্রথম ঝলকে একে সাধারণ ‘ককটেল ড্রেসের’ মতো দেখালেও

রিমোটের বাটনে চাপ দেওয়ার সঙ্গে সঙ্গেই এর স্তরগুলো বদলাতে থাকে। ‘গতানুগতিক পোশাকের মতো এটি স্থির নয়। কয়েক মুহূর্তের জন্য আমার লুক সতেজ করার সুযোগ দিয়েছে প্রিমরোজ। এর রং মুহূর্তেই উজ্জ্বল থেকে কালো হতে পারে’ সেটির নমুনা দেখানোর সময় এ কথাগুলো বলেন অ্যাডোবি’র ওই বিজ্ঞানী।

তিনি আরও বলেন—‘নতুন ধাঁচের এ পোশাকে ব্যবহূত হয়েছে প্রতিফলনযোগ্য ‘পলিমার-ডিস্পার্সড লিকুইড ক্রিস্টাল’ বা ‘পিডিএলসি’ নামের উপাদান, যেটি সাধারণত ‘স্মার্ট উইন্ডো’তে ব্যবহার করা হয়। এ উপাদান নিজেকে যেকোনো আকারে ঢেলে সাজানোর পাশাপাশি আলো নিয়েও খেলতে পারে। ডিজাইনাররা ক্লোদিং, ফার্নিচার এমনকি অন্যান্য ক্ষেত্রেও এই প্রযুক্তি ব্যবহার করতে পারেন, যা ফ্যাশন জগতে অপার সম্ভাবনার দুয়ার খুলে দেবে। এর মধ্যে রয়েছে নকশা ডাউনলোড করার এমনকি নিজ পছন্দের ডিজাইনারের সর্বশেষ নকশা ব্যবহারের সুবিধাও। আমরা আশা করি, এই কাজ ফ্লেক্সিবল ডিসপ্লে নিয়ে কাজ করা ডিজাইনারদের ভবিষ্যতে অনুপ্রাণিত করবে।’

ম্যাকবুককে টেক্কা দেবে কোয়ালকম

সম্প্রতি অ্যাপল ম্যাকবুক এমথ্রি বের হওয়ার পর থেকেই মাইক্রোসফট ব্যবহারকারীদের আফসোস বেড়ে চলেছে। দীর্ঘদিন কোম্পানিটির তরফে তারা একটি পূর্নাঙ্গ মাইক্রোসফট ডিভাইস চাচ্ছিল। সে দৌড়ে অ্যাপলের সঙ্গে প্রতিযোগীতায় কোয়ালকম। মোবাইলের বাজারের পাশাপাশি তারা পিসি চিপেও কাজ করছে।

চলতি বছর অক্টোবরে কোয়ালকম স্ন্যাপড্রাগন সামিটে বলা হয়েছে, এবার কোয়ালকমের পিসি চিপ অ্যাপলকেও টেক্কা দেবে।

কোয়ালকমের পিসি চিপের সবচেয়ে বড় সুবিধা চিপটিতে জেনারেটিভ এআই রয়েছে। ফলে প্রসেসরটি লোকালি ডাটা প্রসেস করতে পারে ও ব্যবহারকারীদের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে। কোয়ালকম এবারই যে প্রথম এই প্রচেষ্টা করছে তা কিন্তু নয়। তাই কোয়ালকমের সাফল্য নিয়ে

অনেকের মনে সন্দেহ থাকতেই পারে। কোয়ালকমের বিশ্বাস এবার তারা জেনারেটিভ এআই ব্যবহারের মাধ্যমে ব্যবহারকারীদের অভিজ্ঞতা আরও ভালো করবে। ২০২৪ সাল নাগাদ তারা এক্স-এলিট সিরিজের ল্যাপটপের মাধ্যমে অ্যাপল ম্যাকবুক এমটুকে টেক্কা দেওয়ার কাজেও নামবে।

সূত্র: সিনেট

মোবাইল নম্বর ছাড়াই চলবে হোয়াটসঅ্যাপ

হোয়াটস অ্যাপ অ্যাকাউন্ট খুলতে হলে মোবাইল নম্বর প্রয়োজন হয়। এভাবেই সবার অ্যাকাউন্ট তৈরি করা হয়। কিন্তু এবার বদলে যেতে চলেছে অ্যাকাউন্ট ক্রিয়েটের এই পুরনো পদ্ধতি। ইমেইল ব্যবহারেও এখন হোয়াটস অ্যাপ অ্যাকাউন্ট খোলা যাবে। নতুন এই ফিচারটি এখন পরীক্ষামূলকভাবে চালু রয়েছে। এটি কার্যকর হলে, ব্যবহারকারীরা তাদের ফোন নম্বর ছাড়া ইমেল দিয়েও অ্যাকাউন্টে লগ ইন করতে পারবেন।

সাধারণত ফোন বদল করলে হোয়াটসঅ্যাপ নিয়ে সমস্যায় পড়তে হয়। তখন এসএমএসর মাধ্যমে ওটিপি যাচাইকরণ করেই হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট যুক্ত করে ফেলা সহজ একটি পদ্ধতি হবে এমনটাই স্বাভাবিক। আবার ভেবে দেখুন, কোনো নম্বর নিষ্ক্রিয় হয়ে গেলে বা ফোন চুরি হলে আরও বিপদ।

সাধারণত হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট যাচাইকরণের জন্য এসএমএস এ ওটিপি আসে। এই পাসওয়ার্ড ছাড়া কেউ অ্যাকাউন্টে লগইন করতে পারে না। এটি সবচেয়ে নিরাপদ উপায়। তবে কারও যদি মোবাইল নম্বরটিই বদলে যায় বা নিষ্ক্রিয় হয়ে পড়ে, তাহলে তিনি আর এসএমএস পাবেন না। ফলে হোয়াটসঅ্যাপ এ লগইনও করতে পারবেন না।

ওয়াবেটাইনফ’র দাবি, ইনস্ট্যান্ট মেসেজিং অ্যাপটি একটি ইমেল যাচাইকরণ ফিচার পরীক্ষা করছে। এটি ব্যবহারকারীদের মোবাইল নম্বর ছাড়াও ইমেল ব্যবহার করে তাদের অ্যাকাউন্টে লগ ইন করতে দেবে।

নতুন ফিচারটি যাচাইকরণ প্রক্রিয়ার একটি সংযোজন হতে চলেছে। এসএমএস যাচাইকরণের পাশাপাশি এটিও থাকবে। এই ফিচার এন্ড্রোয়েড ও আইওএস-এর বিটা ভার্সনে পাওয়া যাচ্ছে। ব্যবহারকারীরা ‘অ্যাকাউন্ট সেটিং’ এই অপশন পাবেন। সেখানে ব্যবহারকারীরা তাদের ই-মেইল অ্যাড্রেস লিখতে পারেন। যা কোনোভাবেই অন্যকোনো পক্ষ জানতে পারবে না দীর্ঘদিন ধরে এই নতুন ই-মেইল যাচাইকরণ ফিচারটি পরীক্ষা করছে হোয়াটসঅ্যাপ। সর্বশেষ বিটা সংস্করণ ২.২৩.২৪.১০ আপডেট অনেকেই ফিচারটি ব্যবহার করতে পারছেন। শিগরিগরই এই সুবিধা সবার জন্য উন্মুক্ত করে দেওয়া হবে বলে জানা গেছে।

সূত্র: ওয়েবেটাইনফো

সাইবার অ্যাটাকে সংবেদনশীল টেলিগ্রাম

ব্যক্তিগত প্রয়োজন কিংবা প্রতিষ্ঠানের গ্রুপচ্যাট, টেলিগ্রাম এখন অনেক জনপ্রিয়। সাইবার নিরাপত্তাবিদদের তথ্যানুযায়ী, প্লাটফর্মটিতে সাইবার হামলা দিন দিন বাড়ছে। প্রতিষ্ঠানটি পর্যবেক্ষণ করে জানিয়েছে, প্রতি মাসে ৩ লাখ ৪০ হাজারের বেশি সাইবার আক্রমণের শিকার হচ্ছে মেসেজিং প্লাটফর্মটি।

গত মাসে অর্থাৎ অক্টোবর জুড়ে এ ঘটনা ঘটেছে। নতুন এক ম্যালওয়্যার সম্পর্কিত প্রকাশিত প্রতিবেদনে হামলার বিষয়টি উঠে এসেছে। সাইবার সিকিউরিটি ফার্ম ক্যাসপারস্কি জানায়, যারা আরবি, আজেরি ভাষায় কথা বলেন তাদের ওপর ম্যালওয়্যারটি আক্রমণ চালায়।

থার্ড পার্টি বিভিন্ন অ্যাপে ফিচার ব্যবহারের সুযোগ পাওয়া গেলেও এগুলোর মাধ্যমেই ম্যালওয়্যার ছড়িয়ে থাকে। নতুন হোয়াটসঅ্যাপ স্পাই মোডটি শিডিউলড মেসেজ এবং কাস্টমাইজেবল অপশন অফার করে ঠিকই, তবে এতে ক্ষতিকর স্পাইওয়্যারও থাকে।প্রতি ৫ মিনিটে ভুক্তভোগীর পরিচিতি এবং অ্যাকাউন্টের বিস্তারিত তথ্য পাঠানো হয়। সঙ্গে আবার মাইক্রোফোন রেকর্ডিং সেট আপ করতে এবং স্টোরেজ থেকে ফাইল বের করতেও সক্ষম হয় এ স্পাই মডিউল।

সূত্র: টেকক্রাঞ্চ

লিরিক্স স্টিকার এলো ইনস্টাগ্রামে

আরেকটি নতুন ফিচার। ইনস্টাগ্রামের রিলসে গান প্লে হলে এখন লিরিক দেখা যাবে। লিরিক স্টিকার নামে নতুন এই ফিচারটি সম্প্রতি সংযুক্ত হয়েছে। অনেকটা ফেসবুকের স্টোরির মতো ফিচার। তবে ইনস্টাগ্রামের নতুন ফিচারে আরো কাস্টোমাইজেশন সুবিধা পাওয়া যাবে।

নতুন এই ফিচার ব্যবহার করতে হলে আপনাকে শুধু রিলসে গান যুক্ত করে লিরিক্স স্টিকার সিলেক্ট করতে হবে। স্ক্রিনে তখন গানের লিরিক্সগুলো দেখতে পারবেন।

তারপর পছন্দমতো লিরিক্সের ফন্ট, টেক্সট কাস্টোমাইজ করে নিন। নতুন আপডেট এখন থেকেই রোল আউট করা শুরু হয়েছে।

সূত্র: ইন্ডিয়ান এক্সপ্রেস

গুগলের নতুন ডোমেইন আইএনজি

গুগল রেজিস্ট্রি একটি নতুন ধরনের ডোমেইন এনেছে। নতুন এই ডোমেইনটির নাম ডটআইএনজি (.ing)। গুগল এই সেবা চালু করলে এই নতুন এক্সটেনশন ব্যবহার করলে ওয়েবসাইটের পূর্ণাঙ্গ শব্দ তৈরি করা যাবে। অর্থাৎ আরও আকর্ষণীয় হয়ে উঠছে গুগলের ডোমেইন।

নতুন এই ডোমেইনের কারণে এখন থেকে দেখা যাবে যেসব শব্দের শেষে আইএনজি যুক্ত আছে সেসব শব্দের বাকি অংশ দিয়ে ওয়েব অ্যাড্রেস তৈরি করা হচ্ছে। এই এক্সটেনশনের ডোমেইন কিনতে গেলে গুনতে হবে

অতিরিক্ত কিছু অর্থ। গুগলের প্রতিনিধি ক্রিস্টিনা ইয়ে জানান, এজন্য এককালীন কিছু বাড়তি টাকা গুনতে হবে। ডিসেম্বরের ৫ তারিখ আসা পর্যন্ত এই বাড়তি খরচ কমতে শুরু করবে। ৫ ডিসেম্বর বিকাল ৪টায় ডোমেইনটি আনুষ্ঠানিকভাবে সবার জন্য উন্মুক্ত করা হবে।

কম মূল্যের ডোমেইন যদিও রয়েছে তবে নতুন ডোমেইনের কিছু কিছু নাম অনেক দামি। গুগল পাশাপাশি আরও একটি ডোমেইন নিয়েও কাজ করছে ডটমিমি (.meme) নামে। গুগলের একটি রেজিস্ট্রি পোস্টের সূত্রে জানা যায়, এটি একটি টপ লেভেলের ডোমেইন। ২৮ নভেম্বর এটি সীমিত আকারে চালু হতে পারে। ডিসেম্বরে ৫ তারিখ থেকে এটি সবার জন্য উন্মুক্ত হবে।

সূত্র: দ্য ভার্জ